রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২২ সনের ৩০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৮, ২০২২

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৬৫—৩৭২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৪৯—৯৫৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৭১—৬৮২ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **০০৯/২০২২/কাস্টমস/৬৫**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেনাপোল স্থলবন্দরস্থ মেসার্স বি. এইচ. ট্রেডার্স (বন্ড লাইসেন্স নং-০১, তারিখ: ২২-০২-২০১২ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২১-২০২২ অর্থবছরের জন্য সুপারিশ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ১,২৫,০০০.০০ |
| ২. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৬৭,০০০.০০ |
| ৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ | ৪,০০০.০০ |
| ৪. | খাদ্য সামগ্রী, টয়লেট্রিজ, ইলেকট্রনিক্স ও অন্যান্য | ৪,০০০.০০ |
| | সর্বমোট = | ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) মা. ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**

দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **২৫.০০.০০০০.০১৯.৩২.০১৪.৯৯-৭৮**—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ৫ (১) (ড) ও ৫(২) ধারা বলে সরকার নিম্ন বর্ণিত ০৬ (ছয়) জন ব্যক্তিকে ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখ হতে ০২ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করলেন :

| ক্রম | নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১। | জনাব মুহাম্মদ আলী শাহ<br>পিতা: হাজী আলতাফ হোসেন | ইউনিয়ন: মরিয়ম নগর<br>গ্রাম: নজরের টিলা<br>রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। |
| ০২। | জনাব মোহাম্মদ ফারুক<br>পিতা: মরহুম কবির আহমদ | গ্রাম: মোহাম্মদনগর<br>ডাকঘর: কালারপোল<br>উপজেলা: পটিয়া<br>জেলা: চট্টগ্রাম। |
| ০৩। | প্রকৌশলী মুনির উদ্দিন আহমদ<br>পিতা: আলহাজ্ব মৌলানা নুরূল ইসলাম | ফ্ল্যাট নং-৫-এ-১, ৬ষ্ঠ তলা মহানগর জোহরা ডিভাইন, কসমোপলিটিন, ষোলশহর, ২ নং গেইট, পাঁচলাইশ, চট্টগ্রাম। |
| ০৪। | জনাব মো: জসিম উদ্দীন শাহ<br>পিতা: মরহুম হাজী ঠান্ডা মিয়া সওদাগর | গ্রাম-মধ্য মাদার্শা<br>ডাক: সমিতির হাট<br>হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০৫। | স্থপতি আশিক ইমরান<br>পিতা: মরহুম মোহাম্মদ আব্দুল্লাহ | মৃত শুকুর আলী কোম্পানী বাড়ি,<br>গ্রাম: পাতিয়া পাড়া<br>পোস্ট: গুজরা নোয়াপাড়া<br>উপজেলা: রাউজান<br>জেলা: চট্টগ্রাম। |
| ০৬। | জনাব জিনাত সোহানা চৌধুরী<br>পিতা: এম এ হাশেম চৌধুরী | প্লট নং-১৬ এ, রোড নং-২ জেদ্দাহ অবকাশ,<br>কাতালগঞ্জ আর/এ,<br>পাঁচলাইশ, চট্টগ্রাম,<br>রাউজান-৪৩৪৩, চট্টগ্রাম। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪২৮/১১ জানুয়ারি ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৬.২০১৮-২১**—যেহেতু, জনাব মোঃ আহসানুল হক (বিপি নং-৬৫৯০০৬৫৫৫৭), সহকারী পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর (সাবেক অফিসার ইনচার্জ, চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানা, চাঁপাইনবাবগঞ্জ) হিসেবে কর্মকালে গত ০৮-০৭-২০০৯ তারিখে চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানার মামলা নং-১৪, তারিখ: ০৮-০৭-২০০৯ খ্রিঃ, ধারা ১৮৭৮ সালের অস্ত্র আইনের (সংশোধন/২০০২) ১৯(ক) তৎসহ সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ উল্লেখ করে মামলা রেকর্ড করেন। ২০০৯ সালের ২৪ ফেব্রুয়ারি সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ জারি এবং সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ রহিত হওয়া সত্ত্বেও তিনি সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর স্থলে ২০০৮ এর অধ্যাদেশ উল্লেখপূর্বক মামলা রেকর্ড করেন। সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০(২) ধারায় উক্ত আইনে অভিযোগপত্র দাখিলের পূর্বে সরকারের পূর্বানুমোদন গ্রহণের বিধান থাকা সত্ত্বেও তিনি সরকারের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকেই বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিল করেন। তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক) ও ৩(খ) "অদক্ষতা" ও "অসদাচরণ" বিধি মোতাবেক এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়;

০২। যেহেতু, জনাব মোঃ আহসানুল হক (বিপি নং-৬৫৯০০৬৫৫৫৭) সহকারী পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর (সাবেক অফিসার ইনচার্জ, চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানা, চাঁপাইনবাবগঞ্জ) কে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ২৭-১০-২০১৯ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৬.২০১৮-২৭৬ নম্বর স্মারকমূলে কারণ দর্শানো হয়। তিনি ১০-১২-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবদন প্রার্থনা করলে ১৫-০৯-২০২০ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য জনাব নুরে আলম মিনা বিপিএম (বার), পিপিএম, অতিরিক্ত ডিআইজি, ঢাকা রেঞ্জ কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ০৫-০৪-২০২১ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক) ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "অদক্ষতা" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন; এবং

০৫. সেহেতু, অপরাধের গুরুত্ব এবং সার্বিক পর্যালোচনায় জনাব মোঃ আহসানুল হক (বিপি নং-৬৫৯০০৬৫৫৫৭), সহকারী পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর (সাবেক অফিসার ইনচার্জ, চাঁপাইনবাবগঞ্জ সদর মডেল থানা, চাঁপাইনবাবগঞ্জ) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক) ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "অদক্ষতা" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুসারে তাকে ০২ (দুই) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

০৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৫ মাঘ ১৪২৮/১৯ জানুয়ারি ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-৯৪**—ঢাকা জেলার কেরাণীগঞ্জ থানার মামলা নং-৬৩(০৪)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস

বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৮.২১-৯৫**—ঢাকা জেলার সবুজবাগ থানার মামলা নং-১১(০১)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২১ পৌষ ১৪২৮ ব বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫(অংশ-১).৫**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১। | পাকরুল | ০১ | ১১৬৩ | মাদারগঞ্জ | জামালপুর |
| ০২। | হিদাগাড়ী | ০২ | ১১২২ | মাদারগঞ্জ | জামালপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২৫ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১).২২—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | চর জুবিলী | ২৭২ | ১৫৪৪ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২ | চর কাজী মোখলেছ | ২৭৫ | ১৩৭৫ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৩ | হাজীপুর | ২৮৭ | ১৫৭৭ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৪ | জীরতলি | ১৫৮ | ১৬৬৪ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৫ | কুতুবপুর | ৩০৭ | ২৭৬৬ | বেগমগঞ্জ | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ১২৩৪৮/২০১৯ নম্বর রীট থাকায় রীট সংশ্লিষ্ট ১৮০৪ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৬ | জয়কৃষ্ণপুর | ৩২২ | ১১৮৫ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৭ | পশ্চিম চর কলাকুপা | ২৭ | ১২৭২ | রামগতি | লক্ষ্মীপুর | |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১৩.১৫.২৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ০১। | বিদিরপুর | ২৭২ | ৬১৩ | গোদাগাড়ী | রাজশাহী |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১.২১.২৪**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | উচ্রঙ্গা | ৮৯ | ৮৮৮ | শেরপুর | বগুড়া |
| ২ | দরিমুকুন্দ | ৯৭ | ৪৬২ | শেরপুর | বগুড়া |
| ৩ | ঘোড়দৌড় | ১৩৩ | ১১৫০ | শেরপুর | বগুড়া |
| ৪ | খাগা | ১৫৩ | ৬৫৫ | শেরপুর | বগুড়া |
| ৫ | কাশিয়াবালা | ১৬২ | ৫০২ | শেরপুর | বগুড়া |
| ৬ | সদর হাসারা | ২০৫ | ৬৮৬ | শেরপুর | বগুড়া |
| ৭ | বুড়ইল | ৭৭ | ৬৬৯ | কাহালু | বগুড়া |
| ৮ | সাতরুখা | ১৪১ | ৫৯১ | কাহালু | বগুড়া |
| ৯ | সেখ কলমা | ১৪৪ | ৫৬১ | কাহালু | বগুড়া |
| ১০ | ভান্ডারবাড়ী | ২৮ | ১৭২১ | ধুনট | বগুড়া |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১৭.২৫**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | পূর্বে মুদ্রিত খতিয়ান সংখ্যা | সংশোধিত খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | পার্ব্বতীপুর | ১৭৯ | ২৪৮ | ২৪৩ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ২ | রামভদ্রপুর | ৪২ | ১৯১ | ১৯২ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ৩ | হোড়ারপাড়া | ৮৩ | ১০৮ | ১০৯ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ৪ | মহাপুর | ১৪৭ | ৪০০ | ৩৯৭ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ৫ | উত্তর বংশীপুর | ৪৬ | ৩৩৯ | ৩২৯ | দিনাজপুর সদর | দিনাজপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইশরাত ফারজানা**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ ফাল্গুন ১৪২৮বং/২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

নং **৩৩.০০.০০০০.১২৬.০১.২৭৬.২১-১১৪**—জনাব মোঃ মশিউর রহমান, সহকারী প্রধান (মূল পদ: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (সাবেক উপজেলা মৎস্য কর্মকর্তা, রামু, কক্সবাজার; অতিরিক্ত দায়িত্বে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার)-কে কক্সবাজার সদর মডেল থানার ০৭-১২-২০১৪ খ্রিঃ তারিখের ১৯নং মামলায় চার্জশিটভুক্ত করে আদালতে দাখিলের পরিপ্রেক্ষিতে বিগত ০৩-০৪-২০১৭ খ্রিঃ তারিখ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। মামলার এজাহারে তাঁর নাম নাই এবং চার্জশিটে তাঁর বিরুদ্ধে সুনির্দিষ্ট কোন অভিযোগ আনয়ন করা হয়নি। তিনি আদালতের নির্দেশে বিগত ১৫-১১-২০১৭ খ্রিঃ তারিখে জামিন লাভ করেন; এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের আদেশে চট্টগ্রাম বিভাগীয় স্পেশাল জজ আদালতে চলমান বিশেষ মামলা নং-৩৯/২০১৮ (যাহা কক্সবাজার সদর মডেল থানার মামলা নং-১৯, তারিখঃ ০৭-১২-২০১৪ খ্রিঃ হতে উদ্ভূত)-এ তাঁর বিরুদ্ধে যাবতীয় কার্যক্রম স্থগিত রয়েছে। কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়নি।

০২। সাময়িক বরখাস্তকৃত কর্মকর্তা জনাব মোঃ মশিউর রহমান-এর আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে চাকরিতে পুনর্বহাল করা যাবে কি-না সে সম্পর্কে এ মন্ত্রণালয় হতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ থেকে প্রাপ্ত মতামতের আলোকে আদিষ্ট হয়ে:—

(ক) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ৩৩.০০.০০০০.১২৬.২১.০০১.১৩-২৭৮, তারিখ: ১১-০৫-২০১৭ খ্রিঃ মাধ্যমে জারিকৃত ০৩-০৪-২০১৭ খ্রিঃ তারিখ হতে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তাঁকে অবিলম্বে মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকায় যোগদানের নির্দেশ প্রদান করা হলো;

(খ) সাময়িক বরখাস্ত সময় (সাময়িক বরখাস্তের তারিখ হতে চাকরিতে পুনরায় যোগদানের পূর্বদিন পর্যন্ত) 'কর্মকাল' হিসাবে গণ্য হবে;

(গ) তিনি সাময়িক বরখাস্তকালীন সকল পাওনাদি বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(ঘ) দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলায় (চট্টগ্রামে বিশেষ মামলা নং-৩৯/১৮ ইং) যদি তিনি দণ্ডিত হন বা খালাস প্রাপ্ত হন, তবে সেক্ষেত্রে আদালতের রায়/আদেশানুযায়ী তার বিরুদ্ধে প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে এই মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাফছা বেগম**
যুগ্মসচিব।

---

**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ মাঘ ১৪২৮ বঃ/০৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

নং **৩৩.০০.০০০০.১১৭.২৭.০০১.২০২০-৬৯**—যেহেতু, আপনি ডাঃ রফিকুল ইসলাম (গ্রেডেশন নং-১৬১৬) (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল হিসেবে গত ০৫-১২-২০১৯ তারিখ থেকে ০৮-১২-২০২০ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, টাঙ্গাইল এর মামলা নং নারী ও শিশু ৩৮১/২০ দায়ের করা হয়; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে নারী ও শিশু দমন ট্রাইব্যুনালে মামলা দায়ের হওয়ার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর বিধি-৭৩ এর বিধান অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের গত ৩১-১২-২০২০ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.২৭.০০১.২০-৬৪০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গ্রেফতারের তারিখ অর্থাৎ ০৮-১২-২০২০ তারিখ হতে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, টাঙ্গাইল এর মামলা নং নারী ও শিশু ৩৮১/২০ এর গত ০৮-১১-২০২১ তারিখের আদেশে বিজ্ঞ আদালত কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী/০৩) এর ধারা ১১(খ)/৩০ এর অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় আপনাকে নির্দোষ গণ্যে খালাস প্রদান করা হয়;

সেহেতু, এতদ্বারা আপনার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে আপনাকে স্ব-পদে অর্থাৎ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল পদে চাকরিতে ০৮-১২-২০২০ তারিখ হতে পুর্নবহাল করা হলো। বিএসআর পাট-১ এর বিধি-৭২ এর বিধান অনুসারে সাময়িক বরখাস্তকালে উত্তোলিত খোরাকি ভাতা সমন্বয় সাপেক্ষে বিগত ০৮-১২-২০২০ তারিখ থেকে আপনার অনুকূলে প্রাপ্য পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**
সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ৩০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১০.১৭.২৬**—The State Acquisiton And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | বড়কাপন | ৭৬ | ২২৯ | ১টি | শান্তিগঞ্জ (দক্ষিণ সুনামগঞ্জ) | সুনামগঞ্জ | মহামান্য হাইকোর্ট বিভাগের ৮০৯৪/১৪ নম্বর রিট মোকদ্দমাটি নিস্পত্তি হওয়ায়। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইশরাত ফারজানা**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৫ মাঘ ১৪২৮/০৮ ফেব্রুয়ারি ২০২২

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৪.২০-৮১**—যেহেতু, জনাব মোঃ হিটলারুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, গুইমারা, খাগড়াছড়ি (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, সোনাগাজী, ফেনী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং শুনানিতে অংশগ্রহণ করেন। শুনানি শেষে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানিতে প্রদত্ত তার বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ হিটলারুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার, গুইমারা, খাগড়াছড়ি (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, সোনাগাজী, ফেনী) কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (ক) মোতাবেক "তিরস্কার (Censure)" দণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ২৭ মাঘ ১৪২৮/১০ ফেব্রুয়ারি ২০২২

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৯.২১-৮৭**—যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা (সাবেক সুজানগর, পাবনা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং শুনানিতে অংশগ্রহণ করেন। শুনানি শেষে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানিতে প্রদত্ত তার বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা (সাবেক সুজানগর, পাবনা) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (ক) মোতাবেক "তিরস্কার (Censure)" দণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**গোলাম মোঃ হাসিবুল আলম**
সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ মাঘ ১৪২৮/০৬ ফেব্রুয়ারি ২০২২

**নং ৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৬৮**—কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ৯(১) এর বিধান মোতাবেক নিম্নবর্ণিত ১৫(পনের) সদস্য সমন্বয়ে পূর্ণাঙ্গ ট্রাস্টি বোর্ড গঠন করা হলো:

**সভাপতি**

(ক) প্রফেসর ডা: সৈয়দ মোদাচ্ছের আলী

**সহ-সভাপতি**

(খ) ডা: মাখদুমা নার্গিস

**সদস্যবৃন্দ**

(গ) সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১(এক) জন অতিরিক্ত সচিব

(ঘ) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১(এক) জন অতিরিক্ত সচিব

(ঙ) সচিব, অর্থ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১(এক) জন অতিরিক্ত সচিব

(চ) সচিব, পরিকল্পনা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১(এক) জন অতিরিক্ত সচিব

(ছ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(জ) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(ঝ) ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড

(ঞ) সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

(ট) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি

(ঠ) ড. আহমদ আল কবির

(ড) প্রফেসর ডা. আশরাফুন্নেসা

(ঢ) প্রফেসর ডা. এম, এ আজিজ

**সদস্য-সচিব**

(ণ) ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক

২। উক্ত ট্রাস্টি বোর্ডের মেয়াদ ০৩-১২-২০২৪ খ্রি: পর্যন্ত বহাল থাকিবে। তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার, যে কোনো মনোনীত সদস্যকে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে। সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্তরূপ কোনো সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৩। কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ১০ এর বিধান মোতাবেক ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি পরিচালিত হইবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ মাঘ ১৪২৮/০৬ ফেব্রুয়ারি ২০২২

**নং ১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯.৩৪**—জনাব মিটু সিকদার, প্রযোজক টুংগীপাড়া চলচ্চিত্র, ৯২, পশ্চিম কাফরুল, আগারগাঁও তালতলা, শের-এ-বাংলা নগর, ঢাকা কর্তৃক নির্মিত **'ইয়েস ম্যাডাম'** নামক চলচ্চিত্রটি The Censorship of Films Act, 1963 (Amendment, 2006) এর 4B(1) ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় তা নাকচ করা হলো।

২। আপিল আবেদন নাকচের কারণে বর্ণিত চলচ্চিত্রটি সনদপত্রবিহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হওয়ায় সমগ্র বাংলাদেশে চলচ্চিত্রটির প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

৩। চলচ্চিত্রটি কোথাও প্রদর্শিত হলে তা বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯/০৬ জুলাই ২০২২

**নং ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০২.২০২২.১৯৫**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলাধীন 'শেখ হাসিনা আদর্শ মহাবিদ্যালয়' গত ০৩ জুলাই ২০২২ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহা: আলমগীর হোসেন**
উপসচিব (বেসরকারী কলেজ-৬)।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ/২৯ মে ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১).১৪০**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | গটৈয়া | ৮৩ | ৬৬১ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ২ | জাহানাবাদ | ১১৫ | ৬১৮ | নোয়াখালী সদর | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ২৫৮৯/২০২১ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ০১ নম্বর খতিয়ানের আরএস ৭৭, ৭৯, ৮৯, ৯১, ৯২, ৯৩ ও ১০০ নম্বর দাগ ব্যতীত। |
| ৩ | আন্দারচর | ২৫০ | ৪১৫৪ | নোয়াখালী সদর | নোয়াখালী | |
| ৪ | আমানতপুর | ১৭২ | ১৪১১ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৫ | আলীপুর | ২৩৭ | ১৬৭৬ | বেগমগঞ্জ | নোয়াখালী | মহামান্য হাইকোর্টে ৬৭২৯/২০১৭ ও ১০৮৭৪/২০২১ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ৬০৪ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৬ | চৌমুহনী | ২৩৮ | ৩৮৭ | বেগমগঞ্জ | নোয়াখালী | |
| ৭ | রামপুর | ৪২ | ৪০২৩ | ফেনী সদর | ফেনী | মহামান্য হাইকোর্টে ৩৫৬৯/২০১৬, ৩৬৬১/২০১৬ ও ১৩৮৫৭/২০১৮ নম্বর রিট থাকায় রিট সংশ্লিষ্ট ৯৫৪, ৩১১৮ ও ১৪১৬ নম্বর খতিয়ান ব্যতীত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।